তারিখ ... 23 DEC 1990
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫

দৈনিক বাংলা

30

# কুমিল্লা বোর্ডের এসএসসি কম্পার্টমেন্টালে পাসের হার ৮৬ শতাংশ

॥ নিজস্ব সংবাদদাতা ॥

কুমিল্লা, ২২ ডিসেম্বর।– কুমিল্লা শিক্ষা বোর্ডের এসএসসি কম্পার্টমেন্টাস পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে।

সর্বমোট ১৬ হাজার ৫৭৮ জন পরীক্ষার্থীর মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেছে ১৬ হাজার ৯৯ জন। এদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ১৩ হাজার ৯ শত ১১ জন। পাসের হার শতকরা ৮৬.৪০%।

সমাজ বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ৮ হাজার ৯ শত ৭৩ জন উত্তীর্ণ হয়েছে ৭ হাজার ৩ শত ৬০ জন। প্রাইভেট পরীক্ষার্থী ২৩১ জন উত্তীর্ণ হয়েছে ২২২ জন।

বিজ্ঞান বিভাগে মোট ৭ হাজার ৩ শত ৭৪ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৬ হাজার ৩ শত ২৯ জন। গত ১৮ নবেম্বর কুমিল্লা বোর্ডের এসএসসি কম্পার্টমেন্টাল পরীক্ষা অনুষ্ঠিত হয়।